



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৩৪.১৯.২৬১

তারিখ: ৯ চৈত্র ১৪২৭

২৩ মার্চ ২০২১

বিষয়: চাঁদপুর জেলার ফরক্কাবাদ ডিগ্রি কলেজের তদন্ত প্রতিবেদন।

সূত্র: (১) মাউশির স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৩৪.১৯.২৬২ তারিখ : ১৩/০৮/২০২০ খ্রি.

(২) স্মারক নং পরি:কা:/আ:শি:অ:/কু:অ:/তদন্ত/২৯/২০১৭/৭৯০ তারিখ : ২৭/১০/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার সদর উপজেলাধীন ফরক্কাবাদ ডিগ্রি কলেজের অধ্যক্ষ জনাব মো: হাছান খানের কলেজে অনিয়মিত উপস্থিতি, Sk-F নামক ঔষধ কোম্পানীতে চাকরীর অভিযোগ, আর্থিক অনিয়ম, কলেজের ইসলামের ইতিহাস বিষয়ের প্রভাষক জনাব মো: জাহাঙ্গীর হোসেন এবং কম্পিউটার বিষয়ের প্রভাষক জনাব মো: নোমান সিদ্দিকীর শিক্ষাগত যোগ্যতার সনদ যাচাই, নিয়োগ প্রক্রিয়া যথাযথ ছিল কিনা বিষয়গুলো সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন দেয়ার জন্য পরিচালক, উপপরিচালক(কলেজ) এবং সহকারী পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লাকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তাগণ তদন্ত প্রতিবেদন দাখিল করেন।


তদন্ত কর্মকর্তার মতামত : (১) অধ্যক্ষ জনাব মো: হাছান খানের কলেজে অনিয়মিত উপস্থিতির সত্যতা পাওয়া গেছে; (২) অধ্যক্ষ জনাব মো: হাছান খানের Sk-F নামক ঔষধ কোম্পানীতে(ম্যানেজার, রেগুলেটরী এ্যাফেয়ার্স পদে) চাকরীর প্রমাণ পাওয়া গেছে; (৩) আর্থিক ব্যয় তিনি একাই করেছেন এবং আর্থিক ব্যয়ের ক্ষেত্রে সরকারি ক্রয় নীতি অনুসরণ করা হয়নি; (৪) কলেজ গভর্নিং বডি'র ০৮/১০/২০২০ তারিখের সভায় কলেজের অধ্যক্ষ জনাব মো: হাছান খানের পদত্যাগপত্র গৃহীত হয়েছে; (৫) জনাব মো: জাহাঙ্গীর হোসেন কর্তৃক কলেজে দাখিলকৃত অনার্স এবং মাস্টার্স এর সনদ দুটি জাল। (৬) বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ওয়েবসাইটে প্রদর্শিত অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের তালিকায় America Bangladesh University এর নাম না থাকায় জনাব মো: নোমান সিদ্দিকীর ব্যাচেলর ও মাস্টার্স পরীক্ষার সনদের সঠিকতা নিশ্চিত হওয়া যায়নি (৭) কম্পিউটার বিষয়ের প্রভাষক হিসেবে জনাব মো: নোমান সিদ্দিকীর নিয়োগ পরীক্ষায় ডিজি'র প্রতিনিধি ছিল না, ফলাফল শীটে ডিজি'র প্রতিনিধির স্বাক্ষর জাল করা হয়েছে।

তদন্ত প্রতিবেদনের মতামতের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সিদ্ধান্ত নিম্নরূপ :

- (১) ইতোমধ্যে কলেজ অধ্যক্ষ মোহাম্মদ হাছান খান পদত্যাগ করেছেন এবং তাঁর পদত্যাগপত্র গভর্নিংবডি'র সভায় গৃহীত হয়েছে বিধায় অধ্যক্ষ পদটি শূন্য হয়ে গেছে। গভর্নিং বডি শূন্য পদে অধ্যক্ষ নিয়োগে বিধিমোতাবেক দ্রুত ব্যবস্থা করবেন;
- (২) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের প্রভাষক জনাব মো: জাহাঙ্গীর হোসেন এর শিক্ষাগত যোগ্যতার সনদ জাল প্রমাণিত হওয়ায় তাঁকে বিধিমোতাবেক চাকরিচ্যুত করার বিষয়ে গভর্নিং বডি ব্যবস্থা গ্রহণ করবেন; সনদ জালিয়াতির কারণে তাঁর বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করার জন্য গভর্নিংবডি ব্যবস্থা গ্রহণ করবেন;
- (৩) বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ওয়েবসাইটে প্রদর্শিত অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের তালিকায় America Bangladesh University এর নাম না থাকায় জনাব মো: নোমান সিদ্দিকী, প্রভাষক, কম্পিউটার শিক্ষা এর ব্যাচেলর ও মাস্টার্স পরীক্ষার সনদের সঠিকতা নিশ্চিত হওয়া যায়নি; কম্পিউটার বিষয়ের প্রভাষক হিসেবে জনাব মো: নোমান সিদ্দিকীর নিয়োগ পরীক্ষায় ডিজি'র প্রতিনিধি ছিল না, ফলাফল শীটে ডিজি'র প্রতিনিধির স্বাক্ষর জাল করা হয়েছে মর্মে তদন্তে প্রমাণিত হয়েছে। এ সকল কারণে তাঁকেও চাকরিচ্যুত করার লক্ষ্যে গভর্নিং বডি বিধিমোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন; ভুয়া সনদ ও নিয়োগ পরীক্ষার ফলাফল জালিয়াতির কারণে তাঁর বিরুদ্ধে ফৌজদারী মামলা

দায়ের করার জন্য গভর্নিং বডি ব্যবস্থা গ্রহণ করবেন।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



২৩-৩-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

বিতরণ :


- ১) সভাপতি, গভর্নিং বডি, ফরক্কাবাদ ডিগ্রি কলেজ,
সদর, চাঁদপুর।
- ২) অধ্যক্ষ(ভারপ্রাপ্ত), ফরক্কাবাদ ডিগ্রি কলেজ, সদর,
চাঁদপুর।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৩৪.১৯.২৬১/১(৩)

তারিখ: ৯ চৈত্র ১৪২৭
২৩ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা
- ৩) সংরক্ষণ নথি।



২৩-৩-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক